শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০২.০০৮.২২. ৫৫৫৪৫

তারিখঃ ১৯/০৪/২০২২ খ্রিঃ
০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

# " নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নোক্ত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি ( Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরন করা হবে। | ক) শিক্ষাগত যোগ্যতা এসএসসি/অষ্টম শ্রেণী/সমমান।<br>খ) প্রার্থীর সর্ব্বোচ্চ বয়স সীমা আগামী (১৯-০৪-২০২২) খ্রিঃ তারিখের সর্ব্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছরের মধ্যে হতে হবে ।<br>গ) অভিজ্ঞতা আগ্রহী প্রার্থীকে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর, ০৬ বছর (ছয়) বছর, ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, সুঠাম দেহ ও সুস্থাস্থের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>ঙ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন সময়ে কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতোপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীন হওয়ার ২/১ কর্মদিবস বিরতি দিয়ে পুনরায় ০৩(তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর কর্মমূল্যায়ন সন্তোষজনক সাপেক্ষে পুনরায় আরও ০৩(তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে।তবে কোন অবস্থায় (৩+৩+৩)=০৯ (নয়) বছর চুক্তির মেয়াদ অথবা বয়স ৫৫(পঞ্চান্ন) বছরের বেশি (যা আগে আসে) অত্র পবিসে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না। |

**শর্তাবলী :**

০১। আবেদনকারীগণকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (pbs2.mymensingh.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৯-০৫-২০২২খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভালুকা, ময়মনসিংহ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মধ্যেমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, সাদা কাগজে কম্পোজকৃত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদন পত্রের সহিত নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে :**

ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তার সনদ পত্র।

খ) ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি ।

ঘ) প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র ।

ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

চ) পূর্ববর্তী পবিস কর্তৃক প্রদত্ত সর্বশেষ বেতনের প্রত্যায়ন(এজিএম-প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত কপি)।

ছ) পূর্ববর্তী সকল পবিসের অভিজ্ঞতার সনদ(প্রত্যেক পবিসের সংশ্লিষ্ট এজিএম-প্রশাসন/এইচআর কর্তৃক সত্যায়িত কপি)

জ) প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্ন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (On job Service Length) বিবেচনা করতঃ বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তাং-১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

০৩। নিয়োগপ্রপ্ত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০/-(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা করতে হবে যা সন্তোষজনক চুক্তি সম্পাদনের পর ব্যাংক প্রদত্ত মুনাফাসহ ফেরৎ দেয়া হবে।

০৪। আবেদন পত্রের সহিত সংযুক্ত সকল কাগজপত্র (চ ও ছ ব্যতীত) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম সম্বলিত সীল থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কিয় কেউ আবেদন রকতে পারবেন না।

০৬। প্রতারনামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল উল্লেখ করলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিক ভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। ময়ময়সিংহ ও গাজীপুর জেলার স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত এমন কারও আবেদন করার প্রয়োজন নাই।

১০। সাক্ষাৎকারের সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১১। অসম্পূর্ন/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৭.৪.২২
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মাঃ ও ব্যাঃ পঃ (উঃঅঃ/কেঃঅঃ/পূঃঅঃ/দঃঅঃ/পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস ।
০৫। ডিজিএম, মাওনা/গফরগাঁও/শ্রীপুর/ত্রিশাল/ জামিরদিয়ামাষ্টারবাড়ি জোনাল অফিস, মপবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি), মপবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম) বাটাজোর সাব জোনাল অফিস, মপবিস-২।
০৮। নোটিশ বোর্ড, মপবিস-২।
০৯। অফিস কপি/মাষ্টার কপি।

১৭.৪.২২
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
জেনারেল ম্যানেজার

ফরম-১

মযমমনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
ভালুকা, ময়মমনসিংহ।

১। নিয়োগ বিজ্ঞপ্তি নং----------------------

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

দিন/মাস/বছর)

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

৮. মাতার নাম

৯. বয়স(১৯/০৪/২০২২ খ্রি: তারিখে)

১০. পিতার নাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিকঅবস্থা

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পূত্র/কন্যা | | এতিম ও শারিরিকপ্রতিবন্ধি |
| | উপজাতি | | আনসার ও গ্রামপ্রতিরক্ষা | | অন্যান্য |

১৭. স্থায়ী ঠিকানা:

ক. গ্রাম/ সড়ক/বাড়ী　　খ. ডাকঘর　　গ. উপজেলা/থানা　　ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

ক. গ্রাম/ সড়ক/বাড়ী　　খ. ডাকঘর　　গ. উপজেলা/থানা　　ঘ. জেলা

১৯. পোষ্টাল অর্ডার নং/ পে-অর্ডারনং　　২০. পোষ্টাল অর্ডারের মূল্য　　২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ ( বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| **উত্তীর্ণ পরীক্ষার নাম** | **শিক্ষা প্রতিষ্ঠানের নাম** | **সিজিপিএ/বিভাগ/শ্রেণী** | **সার্টিফিকেট অর্জনের বছর** |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীরকালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. **প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| **নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)** |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরের বর্নিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে ময়মনসিংহ পবিস-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে ময়মনসিংহ পবিস-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর